



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

(www.fisheries.barisaldiv.gov.bd)

বিষয়ঃ মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর ফেব্রুয়ারি'২০২২ মাসের মাসিক রাজস্ব ও উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী।

সভার স্থানঃ অনলাইন জুম প্লাটফর্মে।

সভার তারিখঃ ৩০ মার্চ ২০২২ খ্রিঃ।

সভার সময়ঃ বিকাল ১৫.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব আনিছুর রহমান তালুকদার, বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ।

অংশগ্রহণকারীঃ বরিশাল বিভাগে কর্মরত জেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ, উপপ্রকল্প পরিচালকবৃন্দ, সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ ও খামার ব্যবস্থাপকগণ।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহে আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়ঃ

ক্র নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	পূর্ববর্তী সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি
১.	সময়মত এসিআর দাখিল: সকল জেলা থেকে এসিআর প্রতিস্বাক্ষরের জন্য অত্র দপ্তরে দাখিল হওয়ায় সকল জেলা মৎস্য কর্মকর্তাগণকে ধন্যবাদ জানানো হয়।			প্রতিস্বাক্ষরের জন্য এসিআর দাখিল ১০০%
২.	জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২২: জাটকা সংরক্ষণ সপ্তাহের সামগ্রিক প্রস্তুতির বিষয়ে সভায় আলোচনা হয়। বরিশালের ৬টি জেলার ৬টি উপজেলাতে এ বিষয়ে যে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে তা নিয়ে সভায় আলোচনা হয়। পটুয়াখালীর কলাপাড়া, ভোলায় লালমোহনে, বরিশালের মেহেন্দিগঞ্জে, পিরোজপুর সদরে, বরগুনা সদরে ও ঝালকাঠির রাজাপুরে এবার এ সপ্তাহ উদযাপিত হবে।	সরকার নির্ধারিত সকল কর্মসূচি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	
৩.	অফিস পরিদর্শন: উপপরিচালক বা জেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ যখন কোন উপজেলায় পরিদর্শনে যান তখন উক্ত দপ্তরের দাপ্তরিক কার্যক্রমসমূহ যথাযথভাবে পরিদর্শন করতে হবে। বিশেষত বিভিন্ন রেজিস্টারসমূহ, বিল-ভাউচার, মজুদ বহিসহ আর্থিক বিষয়াদি ভালভাবে পরিদর্শন করতে হবে। পরিদর্শন রেজিস্টারে পরামর্শসমূহ লিপিবদ্ধ করতে হবে এবং পূর্বের পরামর্শসমূহ প্রতিপালন হয়েছে কিনা তা দেখতে হবে। পরিদর্শন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।	যথাযথভাবে অফিস পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।	উপপরিচালক/ জেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	
৪.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ): এপিএ'র আওতায় বাস্তবায়িত কর্মকান্ডের বিষয়ে জেলা মৎস্য কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয় যেন তারা প্রতিমাসে তাদের লক্ষ্যমাত্রার আলোকে অর্জন কতকটু হয়েছে তা মনিটরিং করে সে আলোকে ব্যবস্থা গ্রহণ করেন।	লক্ষ্যমাত্রার আলোকে অর্জন মনিটরিং করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	পূর্ববর্তী সিদ্ধান্তের আলোকে বরিশালের লার্নিং সেশন সম্পন্ন হয়েছে, কিছু ডোলায় লিফলেট ও বরিশালে গুড একুয়াকালচার বিষয়ক সভা অনুষ্ঠিত হয়নি।

ক্র. নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	পূর্ববর্তী সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি
৫.	ওয়েবসাইট আপডেট ও সেবাবক্সসমূহ হালনাগাদকরণ: জেলা ও উপজেলাসমূহের সকল ওয়েবসাইট নিয়মিত আপডেট ও সেবাবক্সসমূহ হালনাগাদকরণের বিষয়ে আলোচনা হয়। এপ্রিলের ১ম সপ্তাহেই ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা হয়।	এপ্রিলের ১ম সপ্তাহের মধ্যেই এপিএ'র ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	পূর্ববর্তী সিদ্ধান্তের অগ্রগতি (৯২%)
৬.	ই-নথির ব্যবহার: ই-নথির ৩য় ত্রৈমাসিকে নোট নিষ্পত্তির বিষয়ে সভায় তথ্য উপস্থাপন করা হয়। এ থেকে দেখা যায় যে, ০১ জানুয়ারি'২২ থেকে ৩০ মার্চ'২২ পর্যন্ত নোট নিষ্পত্তি বিভাগীয় দপ্তরে ৩২ টি, বরিশাল জেলা ৩৬টি, ঝালকাঠি ০০, পিরোজপুর ০১টি, বরগুনা ০০ টি, পটুয়াখালী ০৩টি। অনিষ্পন্ন ডাক সংখ্যা বিভাগীয় দপ্তরে ৪টি, বরিশাল জেলায় ৭টি, ঝালকাঠিতে ৫২৭টি, পিরোজপুরে ১০৬৩টি, বরগুনায় ৬৪টি। ই-নথির মাধ্যমে নোট নিষ্পত্তির সংখ্যা উল্লেখযোগ্য হিসাবে বাড়ানোর এবং ডাকসমূহ নিয়মিত নিষ্পত্তি করার জন্য তাগিদ দেওয়া হয়।	ই-নথিতে নোট ও ডাক নিষ্পত্তি বাড়তে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	কার্যক্রম চলমান
৭.	পিডিএস আপডেটকরণ: সকল কর্মকর্তা-কর্মচারীর পিডিএস আপডেট করা ও ক্যাডার কর্মকর্তাদের পিএমআইএস আপডেট রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। পিডিএস আপডেট সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের জন্য ধন্যবাদ জানানো হয়।	সকলকে নিয়মিত পিডিএস-এর তথ্য আপডেট রাখতে হবে। এক্ষেত্রে অবহেলা অসদাচরণ বলে পরিগণিত হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী	এ পর্যন্ত অগ্রগতি (৯৮%)
৮.	সময়মত রিপোর্ট প্রদান: রিপোর্টিং-এর ক্ষেত্রে বিভিন্ন রিপোর্টের মধ্যে সমন্বয় সাধনের বিষয়টি আলোচিত হয়। একই বিষয় বিভিন্ন রিপোর্টে বিভিন্ন তথ্য আসে যা সমন্বয় সাধনের করা প্রয়োজন। তথ্যগুলো বিভিন্ন রিপোর্টের মধ্য সমন্বয় সাধন সাপেক্ষে প্রেরণ করার বিষয়ে সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। বিশেষত মাসিক অনেক রিপোর্টই এপিএ'র প্রমাণক হিসাবে ব্যবহৃত হয়। তাই এপিএ ও মাসিক রিপোর্টের সাথে সমন্বয় রাখতে হবে।	বিভিন্ন রিপোর্টে একই তথ্যের মধ্যে সমন্বয় থাকতে হবে এবং এপিএ ও মাসিক রিপোর্টের মধ্যে সমন্বয় রাখতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	প্রতিবেদন প্রেরণের বিষয়ে অগ্রগতি (১০০%)
৯.	মৎস্য খাদ্য লাইসেন্সঃ ২০২০-২০২১ অর্থবছরে অত্র বিভাগে মোট ১৮৩ টি মৎস্যখাদ্য উৎপাদন/আমদানি/বিক্রয় প্রতিষ্ঠানের মধ্যে মাত্র লাইসেন্স প্রদান বা নবায়ন হয়েছে ২৬টি। এর মধ্যে বরিশালে ৪৮ টির মধ্যে ১৬টি, ঝালকাঠিতে ১১টি মধ্যে ০০টি, পিরোজপুরে ২৯টিতে ৩টি, পটুয়াখালীতে ৩৮টিতে ১টি, ভোলায় ৩৭টিতে ৬টি, বরগুনায় ২০টিতে ০০টি। বর্তমান অর্থবছরে ১৯৫ টির মধ্যে মার্চ'২০২২ মাস পর্যন্ত শুধুমাত্র ১৬টি লাইসেন্স করা নবায়ন হয়েছে। সবগুলো প্রতিষ্ঠানের লাইসেন্স ১৫ এপ্রিলের মধ্যে নবায়ন করার জন্য তাগাদা দেওয়া হয়।	প্রতিটি প্রতিষ্ঠানের লাইসেন্স যথাসময়ে নবায়ন করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	
১০.	মৎস্য হ্যাচারি লাইসেন্সঃ ২০২০-২০২১ অর্থবছরে অত্র বিভাগে মোট ৩৯ টি হ্যাচারির মধ্যে মাত্র লাইসেন্স প্রদান বা নবায়ন হয়েছে ১৬টি। এর মধ্যে বরিশালে ১৬ টির মধ্যে ৯টি, ঝালকাঠিতে ১টি মধ্যে ০০টি, পিরোজপুরে ১টিতে ১টি, পটুয়াখালীতে ১০টিতে ৪টি, ভোলায় ৮টিতে ২টি, বরগুনায় ৩টিতে ০০টি। বর্তমান অর্থবছরে ৩৯ টির মধ্যে মার্চ'২০২২ মাস পর্যন্ত শুধু বরিশালে ২টি ও ভোলায় ১টি লাইসেন্স নবায়ন হয়েছে।	প্রতিটি হ্যাচারির লাইসেন্স যথাসময়ে নবায়ন করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	

ক্র নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	পূর্ববর্তী সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি
১১.	অভয়াশ্রম ও বিল নার্সারি কার্যক্রম বাস্তবায়ন: অভয়াশ্রম ও বিল নার্সারি কার্যক্রম বাস্তবায়নের জন্য রাজস্ব খাতের আওতায় এপিএ'র লক্ষ্যমাত্রাভিত্তিক বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রতিমাসে এ সংক্রান্ত প্রতিবেদন নির্দিষ্ট ছকে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। অভয়াশ্রম ও বিল নার্সারি বাস্তবায়নের জন্য রাজস্ব খাত থেকে সকল বরাদ্দ পাওয়া গেছে বলে সভায় জানানো হয়।	অভয়াশ্রম ও বিল নার্সারির ব্যয়ের প্রতিবেদন প্রতিমাসে নির্দিষ্ট ছকে প্রেরণ করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	
১২.	বাদ পড়া জেলেদের নিবন্ধন প্রক্রিয়া: বাদ পড়া জেলেদের তালিকা ও নতুন অন্তর্ভুক্ত জেলেদের তালিকা সকলে প্রদান করায় সভায় ধন্যবাদ জানানো হয়। একইসাথে এই প্রক্রিয়া চলমান রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। বাদ পড়া জেলে ও নতুন অন্তর্ভুক্ত জেলেদের বিষয়ে উপজেলা কমিটির সভার কার্যবিবরণী প্রত্যেক উপজেলাকে সংরক্ষণ করতে হবে বলে সভায় আলোচনা হয়।	জেলে তালিকা নিয়মিত হালনাগাদ ও তার তথ্য সংরক্ষণ এবং উপজেলা কমিটির সভায় অনুমোদন করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	তালিকা প্রেরণ করা হয়েছে। (১০০%)
১৩.	প্রশিক্ষণ: প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া মাত্রই সকল দপ্তরকে দ্রুত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে সকলকে অন্তত এক সপ্তাহ পূর্বেই প্রশিক্ষণ শিডিউল প্রদান করতে হবে এবং প্রশিক্ষণ শেষে তথ্যসমূহ ই-প্রশিক্ষণে আপলোড করতে হবে বলে সভায় আলোচনা হয়। ২০২০-২০২১ সালের রাজস্ব প্রশিক্ষণ আপলোডে বরিশাল জেলার ৮টি ও বরগুনা জেলার ৬টি ব্যাচের প্রশিক্ষণ আপলোড বাকি রয়েছে বলে সভায় জানানো হয়।	শিডিউল প্রেরণ করে দ্রুত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে এবং ই-প্রশিক্ষণে বিগত ব্যাচগুলোর তথ্য আগামী ০৫/০৪/২২ তারিখের মধ্যে আপলোড করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	ই-প্রশিক্ষণে তথ্য আপলোড চলমান (৯৫%)
১৪.	অডিট: কোন দপ্তরে অডিট আপত্তি থাকলে তা দ্রুত নিষ্পত্তির জন্য জবাব প্রেরণ করতে হবে।	অডিটের জবাব নিয়মিত প্রেরণ করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপকবৃন্দ	ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে। (১০০%)
১৫.	অকেজো মালামাল নিলাম: বিভিন্ন দপ্তরের অকেজো মালামাল নিলামের জন্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে নিষ্পত্তি করার জন্য তাগাদা দেওয়া হয়। এ সংক্রান্ত পত্রটি জেলা দপ্তরগুলোর ইমেইলে প্রেরণ করা হয়েছে।	অকেজো মালামাল যথাযথ প্রক্রিয়ায় নিলামের ব্যবস্থা করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপকবৃন্দ	
১৬.	স্বাবর-অস্বাবর সম্পত্তির তালিকা হালনাগাদ: সকল দপ্তরকে তাদের স্বাবর ও অস্বাবর সম্পত্তির তালিকা নিয়মিত হালনাগাদ করতে হবে। বিশেষত স্বাবর সম্পত্তির ক্ষেত্রে নামজারি হালনাগাদ ও খাজনা নিয়মিত প্রদান করতে হবে।	নিয়মিত হালনাগাদ করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপকবৃন্দ	অনেকেই হালনাগাদ করেছেন তবে আরো সুশৃঙ্খল হতে হবে। (৮০%)
১৭.	শুদ্ধাচার বিষয়ক: শুদ্ধাচার বিষয়ক এপিএ কার্যক্রমে অন্তর্ভুক্ত রাজস্ব ও প্রকল্পের বিভিন্ন প্রশিক্ষণ, প্রদর্শনী ও বিকল্প কর্মসংস্থানের উপকরণ বিতরণ কার্যক্রম জেলা মৎস্য কর্মকর্তাদের মনিটরিং করার বিষয়ে আলোচনা হয়।	প্রশিক্ষণ, প্রদর্শনী ও বিকল্প কর্মসংস্থানের উপকরণ বিতরণ নিয়মিত মনিটরিং করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	নিয়মিত মনিটরিং করা হচ্ছে (১০০%)
১৮.	ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা: প্রতিটি দপ্তর তাদের গৃহীত উদ্ভাবন কর্মপরিকল্পনার আলোকে তাদের কার্যক্রম যেন বাস্তবায়ন করে এবং ন্যূনতম একটি উদ্ভাবন কার্যক্রম গ্রহণ করে বাস্তবায়ন করে সে বিষয়ে সভায় আলোচনা হয়।	উদ্ভাবন কর্মপরিকল্পনা ও উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	চলমান
১৯.	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা: প্রতিটি দপ্তরে প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে ও যথাযথ প্রক্রিয়ায় নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে আহ্বান জানানো হয়।	দ্রুত অভিযোগ নিষ্পত্তি করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	চলমান

ক্র. নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	পূর্ববর্তী সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি
২০.	সেবা প্রদান প্রতিশ্রুতি ও সিটিজেন চার্টার: প্রতিটি দপ্তরে হালনাগাদকৃত সিটিজেন চার্টার যথাযথভাবে প্রদর্শন ও তা ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা হয়।	সিটিজেন চার্টার প্রদর্শন ও ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	চলমান
২১.	তথ্য অধিকার: দপ্তরসমূহে অসংখ্য সেবাপ্রার্থী বিভিন্ন তথ্য জানতে আসে, কিন্তু নির্দিষ্ট ফরমেটে তথ্য না চাওয়ায় তা তালিকাভুক্ত হয়না বলে সভায় আলোচিত হয়। বিভাগীয় উপপরিচালকের দপ্তরের ওয়েবসাইটে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহের হালনাগাদকৃত তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তথ্যের ক্যাটাগরি ও শ্রেণিবিন্যাসের তথ্যও হালনাগাদ করা হয়েছে।	১। কেউ নির্দিষ্ট ফরমেটে তথ্যের আবেদন করলে তাকে আইন অনুযায়ী সেবা দিতে হবে। ২। ওয়েবসাইটে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহের হালনাগাদকৃত তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে ৩। তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	চলমান
২২.	মাসিক সভার কার্যবিবরণী প্রেরণ: জেলাতে অনুষ্ঠিত অধস্তন দপ্তরসমূহকে নিয়ে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী বিভাগীয় দপ্তর ও অধিদপ্তরের প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	জেলাতে অনুষ্ঠিত অধস্তন দপ্তরসমূহকে নিয়ে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী বিভাগীয় দপ্তর ও অধিদপ্তরের প্রেরণ করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	
২৩.	মৎস্যবীজ উৎপাদন খামারসমূহ: ক) খামারগুলো রেণু ও চিংড়ির পিএল উৎপাদনের সময় যেন সকলে লক্ষ্যমাত্রা অনুযায়ী রেণু উৎপাদন করতে পারে সেজন্য এখনই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য খামার ব্যবস্থাপকদেরকে আহবান জানানো হয়। গ) ভোলা, পটুয়াখালী ও পিরোজপুর সদর খামারের সুবর্ণ রুই-এর পোনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। ঘ) দেশীয় প্রজাতির মাছের লক্ষ্যমাত্রা যাতে অর্জিত হয় সে বিষয়ে উদ্যোগ নিতে হবে। ঙ) খামার পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।	ক) রেণু ও চিংড়ির পিএল উৎপাদন কার্যক্রম জোরদার করতে হবে। খ) খামার পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। গ) সুবর্ণ রুই যথাযথভাবে প্রতিপালনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	খামার ব্যবস্থাপকবৃন্দ/ উপসহকারী প্রকৌশলী ও বিভাগীয় মৎস্য চাষ প্রকৌশলী	পোনা উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। (১০০%)
২৪.	বিভিন্ন দপ্তরের পূর্তকাজঃ বিভিন্ন দপ্তরে পূর্তকাজগুলোর প্রাক্কলন ও বরাদ্দ মোতাবেক সম্পন্নের বিষয়টি সভায় আলোচিত হয়। বিভাগীয় মৎস্যচাষ প্রকৌশলীকে বিষয়টি সমন্বয় সাধনের জন্য দায়িত্ব প্রদান করা হয়।	যথাযথভাবে প্রাক্কলন ও কাজ সম্পন্ন করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ ও বিভাগীয় মৎস্য চাষ প্রকৌশলী	
২৫.	জাটকা ও ইলিশ অভয়াশ্রমঃ ক) চলমান জাটকা রক্ষা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। খ) ১ মার্চ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত বরিশালের ৩টি ইলিশ অভয়াশ্রম বাস্তবায়ন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সচেতনতা সভা ও সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির সভা করতে হবে। প্রয়োজনে অভিযান পরিচালনা করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	
২৬.	বিষ দিয়ে মাছ প্রয়োগ: বিভিন্ন স্থানে ছোট ছোট খাল ও নদীতে বিষ প্রয়োগের মাধ্যমে মাছ নিধনের বিষয়ে সভায় আলোচনা হয়।	জেলা ও উপজেলাগুলোর মাসিক সভায় ও বিভিন্ন প্রশিক্ষণে বিষয়গুলো উপস্থাপন	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	

ক্র নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	পূর্ববর্তী সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি
		করতে হবে।		
২৭.	সাকার ফিশঃ সাকার ফিশের বিস্তার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এটি যেন প্রাকৃতিক জলাশয় ও পুকুরে ছড়িয়ে না পড়ে এ বিষয়ে সতর্ক থাকার বিষয়ে সভায় আলোচনা হয়।	১। সাকার ফিশের বিস্তার রোধ করতে হবে। ২। জেলা ও উপজেলাগুলোর মাসিক সভায় ও বিভিন্ন প্রশিক্ষণে বিষয়গুলো উপস্থাপন করতে হবে।	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	
২৮.	উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণঃ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে। সরাসরি পত্র দেওয়া অসদাচরণ বলে গণ্য হবে মর্মে সভায় আলোকপাত করা হয়।	পত্র প্রেরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে	জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ ও খামার ব্যবস্থাপকগণ	
২৯.	চলমান প্রকল্পসমূহ:			
	২৯.১: সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট: কম্পোনেন্ট-৩ এর এসডিএফ-এর বিকল্প কর্মসংস্থানের উপকরণ/অনুদান বিতরণ কাজ নিয়মিত তদারকি করতে হবে।	এসডিএফ-এর কাজ মনিটরিং করা।	প্রকল্প সংশ্লিষ্ট জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ ও সংশ্লিষ্ট ডিপিডি	মনিটরিং চলমান (১০০%)
	২৯.২: ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়): অত্র প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রদর্শনীগুলোতে নিয়মিত পরিদর্শন চলমান রয়েছে বলে সভায় জানানো হয়। মাছের বৃদ্ধি ও উৎপাদনের হার সন্তোষজনক বলে সভায় মত প্রকাশ করা হয়। চলমান প্রশিক্ষণের ধাপসমূহ যথাযথভাবে সম্পন্ন তাগিদ দেওয়া হয়।	১। নিয়মিত প্রদর্শনীগুলোতে যেন মাছের খাদ্য সরবরাহ করা হয় সেদিকে খেয়াল রাখতে হবে। ২। প্রশিক্ষণসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে হবে ও ই-প্রশিক্ষণে আপলোড করতে হবে।	প্রকল্প সংশ্লিষ্ট জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ ও সংশ্লিষ্ট ডিপিডি	ধারা অব্যাহত আছে (১০০%)
	২৯.৩: এনএটিপি-২ প্রকল্প: ভোলা ও পিরোজপুর জেলায় কার্যক্রম চলমান রয়েছে বলে সভায় জানানো হয়। এআইএফ-২ ও এআইএফ-৩ সমূহের কাজ যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে বলে সভায় জানানো হয়। প্রকল্পটির আওতায় বরাদ্দকৃত প্রদর্শনী যথাযথভাবে যাচাই বাছাই করে সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।	কার্যক্রম অব্যাহত রাখা	প্রকল্প সংশ্লিষ্ট জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	ধারা অব্যাহত আছে (১০০%)
	২৯.৪: জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্প: এ প্রকল্পের আওতায় বাস্তবায়নযোগ্য ক্ষিমসমূহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তিসনদসহ প্রেরণ করতে হবে। প্রকল্পের কাজ শুরুর আগের ছবি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	১। এনওসিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ক্ষিম প্রেরণ ও ২। কাজের বিভিন্ন পর্যায়ের ছবি সংরক্ষণ করতে হবে।	প্রকল্প সংশ্লিষ্ট জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ এবং উপসহকারী প্রকৌশলী ও বিভাগীয় মৎস্য চাষ প্রকৌশলী	গত অর্থবছরের কার্যক্রম সমাপ্ত হয়েছে (১০০%)
	২৯.৫: ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প: ক) অত্র প্রকল্পের অবহিতকরণ সভাসমূহে ও উপকরণ বিতরণের সময় স্থানীয় জনপ্রতিনিধিদেরকে সম্পৃক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। খ) প্রণোদনাপ্রাপ্ত জেলেদের বৈধ জাল বিতরণ সঠিকভাবে সম্পন্ন বিষয়ে আলোচনা হয়।	জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে কার্যক্রম পরিচালনা করতে হবে।	প্রকল্প সংশ্লিষ্ট জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	কার্যক্রম সন্তোষজনক (১০০%)

ক্র নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	পূর্ববর্তী সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি
	২৯.৬: দেশীয় প্রজাতির মাছ, শামুক ও ঝিনুক উন্নয়ন ও গবেষণা প্রকল্প: অত্র প্রকল্পের অবহিতকরণ সভাসমূহে ও উপকরণ বিতরণের সময় স্থানীয় জনপ্রতিনিধিদেরকে সম্পৃক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত প্রকল্পের প্রশিক্ষণসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। অত্র প্রকল্পের মুক্তা চাষের প্রদর্শনীগুলো যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে কার্যক্রম পরিচালনা করতে হবে। প্রশিক্ষণসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। মুক্তা চাষের প্রদর্শনীগুলো যথাযথভাবে করতে হবে।	প্রকল্প সংশ্লিষ্ট জেলা/সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাবৃন্দ	কার্যক্রম সন্তোষজনক (১০০%)
৩০.	বিবিধ: ক) জেলা মৎস্য কর্মকর্তাগণ নিয়মিত কার্যক্রমসমূহ মনিটরিং করবেন। খ) সকল কর্মকর্তাকে অবশ্যই কর্পোরেট সিম ব্যবহার করতে হবে। গ) সকল দপ্তরকে বাধ্যতামূলকভাবে দাপ্তরিক ই-মেইল ব্যবহার করতে হবে। ঘ) কর্মকর্তা/কর্মচারীগণকে যথাসময়ে অফিসে আগমন ও সরকারী কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ অনুযায়ী অফিস ত্যাগের রেজিস্টার সংরক্ষণ করতে হবে।		সকল কর্মকর্তা- কর্মচারীবৃন্দ	ক) মনিটরিং (১০০%) খ) সিম ব্যবহার (৯০%)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

হাফিজুর রহমান
২২/০৪/২০২২

(আনিছুর রহমান তালুকদার)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
বরিশাল বিভাগ, বরিশাল।

নং- ৩৩.০২.০০০০.৩০৬.৩৪.০০৪.২০. ২৫৬(১)/১৭৫

তারিখ- ১২ এপ্রিল ২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৩। উপপরিচালক (ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, ... মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৫। জেলা মৎস্য কর্মকর্তা, বরগুনা/বরিশাল/ভোলা/ঝালকাঠি/পটুয়াখালী/পিরোজপুর/রিজার্ভ, জলমহাল শাখা।
- ৬। উপ-প্রকল্প পরিচালক, ... মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৭। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল উপজেলা) বরিশাল বিভাগ।
- ৮। উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল উপজেলা) বরিশাল বিভাগ।
- ৯। খামার ব্যবস্থাপক (সকল খামার) বরিশাল বিভাগ।
- ১০। মৎস্যচাষ/উপ-সহকারী প্রকৌশলী, ...
- ১১। জনাব.....
- ১২। সংশ্লিষ্ট নথি।

হাফিজুর রহমান
২২/০৪/২০২২

(এ. এফ. এম. নাজমুস সালেহীন)
সহকারী পরিচালক